ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট
অনুশীলনী পরীক্ষা

প্রিয় পিতামাতা/অভিভাবক,

অনুগ্রহপূর্বক জানবেন, এই চিঠির সঙ্গে ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট: সপ্তম সংস্করণ (ওলস্যাট) অনুশীলনী প্রশ্নপত্র সংযুক্ত রয়েছে। সন্তান বাস্তবে যে পরীক্ষার মুখোমুখি হবে, সে সম্পর্কে তাকে অভ্যস্ত করতে আপনি এ অনুশীলনী প্রশ্নপত্র ব্যবহার করতে পারেন। এই ওলস্যাট অনুশীলনী প্রশ্নপত্র অত্যন্ত গোপনীয়। নিচের শর্তের সাথে একমত হওয়া সাপেক্ষে এই অনুশীলনী প্রশ্নপত্রের গোপনীয়তা রক্ষা করা আপনার দায়িত্ব:

- প্রশ্নপত্রের সাধারণ বা বিশেষ উপাদান নিয়ে কারো সাথে আলোচনা করবেননা;
- এ প্রশ্নপত্র বা নির্দেশনার কোন অংশ কপি করবেননা;
- এ অনুশীলনী শুধুমাত্র সেই শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকেরা ব্যবহার করতে পারবেন, যারা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের মেধাবী ও প্রতিভাবান কর্মসূচিতে ভর্তি পরীক্ষায় অংশ নেয়ার জন্য আবেদনপত্র পূরণ করেছে।

প্রি-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের পিতামাতাগণ: অনুগ্রহ করে জেনে রাখবেন যে, উত্তরপত্রে শিক্ষার্থীরা বৃত্ত ভরাট করবে বলে প্রত্যাশা করা হবেনা; তবে তাদেরকে প্রতিটি ক্ষেত্রে পেন্সিল দিয়ে স্পষ্টভাবে তাদের নির্বাচিত উত্তর দেখিয়ে দিতে সক্ষম হতে হবে।

ও.এল.এস.এ.টি. (OLSAT)

ওটিস–লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট

সপ্তম সংস্করণ

আর্থার এস. ওটিস • রজার টি লেনন

অনুশীলনী পরীক্ষা
লেভেল ‘বি’
পরিচালনার জন্য নির্দেশনা

Harcourt Assessment

0158610318

Harcourt Assessment

স্বত্ব © 2006 by Harcourt Assessment, Inc.
প্রমিত সংস্করণের স্বত্ব © 1995 by Harcourt Brace and Company.
সকল স্বত্ত্ব সংরক্ষিত। প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত এই প্রকাশনার কোন অংশ ফটোকপি, রেকর্ডিং, বা কোন ধরনের তথ্য সংরক্ষণ বা পুনরুদ্ধার প্রক্রিয়া সহ ইলেক্ট্রনিক বা যান্ত্রিক কোন মাধ্যমে বা উপায়ে, পুনঃপ্রকাশ বা প্রচার করা যাবেনা। *'HARCOURT' (হারকোর্ট)* এবং *'Harcourt' লোগো* হচ্ছে হারকোর্ট, ইনক.–এর ট্রেডমার্ক যা যুক্তরাষ্ট্র এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত। *Otis-Lennon School Ability Test' ('ওটিস–লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট')* এবং *'OLSAT' ('ও.এল.এস.এ.টি.')* হচ্ছে যুক্তরাষ্ট্র এবং/অথবা অন্যান্য এখতিয়ারভুক্ত এলাকায় নিবন্ধিত ট্রেডমার্ক। এই কাজের অংশবিশেষ পূর্বে প্রকাশিত হয়েছে। যুক্তরাষ্ট্রে মুদ্রিত।

অনুশীলনী পরীক্ষা পরিচালনার জন্য নির্দেশনা

এই অনুশীলনী পরীক্ষার উদ্দেশ্য হচ্ছে শিক্ষার্থীদেরকে *ওটিস-লেনন স্কুল অ্যাবিলিটি টেস্ট* (ও.এল.এস.এ.টি., OLSAT)-এ অবতীর্ণ হওয়ার জন্য প্রস্তুত করা, যাতে পরীক্ষায় যে ধরনের প্রশ্ন আসে তার সাথে তারা পরিচিত হতে পারে। তারা পৃষ্ঠার বাম থেকে ডানে একটি সারি অনুসরণ করতে, তাদের উত্তরে যথাযথভাবে দাগ দিতে এবং প্রয়োজনবোধে তাদের উত্তর পরিবর্তন করতে শিখবে।

সত্যিকার পরীক্ষায় কি আসতে পারে তা বুঝতে অনুশীলনী পরীক্ষাগুলো শিক্ষার্থীদেরকে সহায়তা করে এবং এর ফলে উদ্বেগ কমাতে সাহায্য করে।

অনুশীলনী পরীক্ষায় কোন নম্বর দেয়া হবে না। সুতরাং, প্রশ্নগুলো সফলভাবে সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদেরকে যথাসম্ভব সহায়তা করতে হবে। সবচেয়ে কার্যকর ব্যবহারের জন্য, নিয়মিত পরীক্ষার তারিখের প্রায় এক সপ্তাহ আগে অনুশীলনী পরীক্ষা পরিচালনা করতে হবে। আপনার সুবিধার জন্য প্রশ্নগুলোর সঠিক উত্তর 13 নম্বর পৃষ্ঠায় দেয়া হয়েছে।

পরিচালনার জন্য সুনির্দিষ্ট নির্দেশনা

শিশুটির জন্য যে নির্দেশনাগুলো পড়তে হবে সেগুলো *বাঁকা* হরফে দেয়া হয়েছে। পিতামাতাদের জন্য নির্দেশনা (এগুলো উচ্চস্বরে পড়তে হবে না) সাধারণ হরফে দেয়া হয়েছে। পরীক্ষার সময় কোন প্রশ্ন পড়তে যদি আপনি ভুল করেন, তাহলে থেমে যাবেন এবং বলবেন, "না, এটা ভুল হয়েছে। আবার শোন।" তারপর সেই প্রশ্ন বা নির্দেশনাটি সঠিকভাবে পড়ুন।

বলুন

আজ আমরা কিছু আকর্ষণীয় কাজ করবো, যেগুলো ধাঁধার মতো। আমি তোমাকে একটি পুস্তিকা দিব। কি করতে হবে তা আমি তোমাকে বলার আগে পর্যন্ত তোমার পুস্তিকাটিতে কিছু লিখবে না।

বাঁকা হরফের নির্দেশনাগুলো শিক্ষার্থীদেরকে প্রশ্ন পড়ে শোনানো সহজ করে।

অনুশীলনী পরীক্ষার পুস্তিকাটি সামনের প্রচ্ছদটি উপরের দিকে রেখে বিতরণ করুন। আপনার সন্তান একটি পুস্তিকা, একটি পেন্সিল, এবং একটি ইরেজার পেয়েছে তা নিশ্চিত করুন।

বলুন

তোমার পুস্তিকাটির পৃষ্ঠা 3 খোল। এখন প্রথম সারির দিকে লক্ষ্য কর, যেখানে তুমি সারির প্রথমে একটি ছোট মাছ দেখতে পাচ্ছ। মাছটির উপর তোমার আঙুল রাখ।

আপনার সন্তান তার পুস্তিকাটি সঠিকভাবে খুলেছে এবং সেটি পৃষ্ঠা থ্রি দেখাচ্ছে তা নিশ্চিত করুন।

বলুন

ওয়ান। যখন ছবিগুলো পৃষ্ঠার উপর এভাবে আড়াআড়িভাবে থাকে, তখন আমরা বলি যে তারা একটি সারিতে রয়েছে।

পৃষ্ঠাজুড়ে বাম থেকে ডানে আপনার আঙুল নাড়ানোর মাধ্যমে তা দেখিয়ে দিন।

বলুন

এই সারিতে, তুমি দেখতে পাচ্ছ একটি হাত একটি চকবোর্ডের উপর সংখ্যা লিখছে, একটি ছবি আঁকছে, একটি ইরেজার ধরে আছে, একটি চকবোর্ডের উপর একটি শব্দ লিখছে, এবং একটি চিঠি লিখছে। এই ছবিগুলোর একটি অন্য ছবিগুলোর মতো নয়, কারণ এটি এমন কিছু দেখাচ্ছে যা অন্য ছবিগুলোর মতো নয়। চলো একসাথে খুঁজে বের করি কোন্ ছবিটি অন্য ছবিগুলোর মতো নয়। এই সারির সবগুলো ছবিতে দেখা যাচ্ছে যে একটি হাত কিছু একটা করছে। তুমি কি আমাকে বলতে পারবে যে কি কারণে এখানকার একটি ছবি অন্যগুলোর চেয়ে ভিন্ন?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, ঠিক ধরেছ। যে হাতটি ইরেজার ধরে আছে সেটি ভিন্ন, তাই না? অন্য সবগুলো ছবি দেখাচ্ছে যে একটি হাত কিছু লিখছে বা আঁকছে। যে হাতটি ইরেজার ধরে আছে সেটি এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না।

এখন আমি তোমাকে দেখাবো যে কিভাবে তোমার উত্তরে দাগ দিতে হবে। তুমি কি ছবিগুলোর নিচে ছোট ছোট বৃত্ত দেখতে পাচ্ছ? আমরা এগুলোকে বলি উত্তরের স্থান। যেহেতু ইরেজার এই সারির অন্য ছবিগুলোর সাথে মিলে না, তাই তুমি তৃতীয় ছবিটির নিচের বৃত্তটি পূরণ করবে। এভাবে দাগ দিতে হবে।

একটি উত্তরের বৃত্ত এঁকে এবং এটিকে পূরণ করে, উত্তরের স্থানটি কিভাবে চিহ্নিত করতে হবে তা আপনার সন্তানকে দেখিয়ে দিন। আপনার সন্তানকে সম্পূর্ণ দাগগুলো শুধুমাত্র উত্তরের বৃত্তের ভিতরেই রাখতে হবে তার প্রয়োজন নেই, এবং বৃত্তের ভিতরের অংশটি সম্পূর্ণভাবে ভরাট করার প্রয়োজন নেই। আপনার সন্তান কোন উত্তর পরিবর্তন করতে চাইলে কিভাবে সেটি মুছে ফেলতে হবে তা

দেখিয়ে দিন। নির্দেশনাগুলো সঠিকভাবে অনুসরণ করা নিশ্চিত করুন।

একটি উত্তরের স্থান কিভাবে পূরণ করতে হবে তা দেখিয়ে দিলে ছোট শিশুদের সুবিধা হয়।

বলুন
**টু। এখন যে সারিতে পুতুলটি রয়েছে সেই সারির উপর তোমার আঙুলটি রাখ। তুমি উত্তরের জায়গাটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। এই সারিতে, তুমি কয়েকটি ঘর দেখতে পাচ্ছ এবং সেগুলোর ভিতর কয়েকগুচ্ছ আকৃতি রয়েছে। এগুলোর একগুচ্ছ অন্য গুচ্ছের সাথে মিলে না। আকৃতিগুচ্ছগুলোর কোন্ গুচ্ছটি অন্য গুচ্ছের সাথে মিলে না?*

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, ঠিক ধরেছ। আকৃতির চতুর্থ গুচ্ছটি অন্য গুচ্ছের সাথে মিলে না, তাই কি? এই গুচ্ছটি অন্যগুচ্ছগুলোর সাথে মিলে না কারণ এটিই একমাত্র গুচ্ছ যেখানে বড় আকৃতিগুচ্ছগুলো প্রথমে রয়েছে। অন্য গুচ্ছগুলোতে, বড় আকৃতিটি ছোট আকৃতিগুচ্ছগুলোর মাঝখানে রয়েছে। তুমি আকৃতিগুচ্ছগুলোর চতুর্থ গুচ্ছটির নিচের জায়গায় দাগ দিবে। এমন কেউ আছ যে বুঝতে পারনি কি করতে হবে?

সতর্কতার সাথে ব্যাখ্যা করলে শিশুদের বুঝতে সুবিধা হয় যে ভুল উত্তরগুলো কেন ভুল।

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। আপনার সন্তান উত্তরের জায়গাটি সঠিকভাবে পূরণ করছে তা নিশ্চিত করুন। তারপর প্রশ্ন থ্রি-তে চলে যান।

বলুন
থ্রি। এখন পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যে সারিতে চেয়ারটি রয়েছে। তুমি উত্তর দেয়ার বৃত্তটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। এই সারিতে, তুমি কয়েকটি ছবি দেখতে পাচ্ছ। যে ছবিটি অন্যগুলোর সঙ্গে মিলে না সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
তুমি কোন্ জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, তুমি নিশ্চয়ই দ্বিতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। অন্য সবগুলো ছবিতে পাতা দেখা যাচ্ছে, কিন্তু দ্বিতীয় ছবিতে একটি ফুল দেখা যাচ্ছে। তুমি কি বুঝতে পারছ যে দ্বিতীয় ছবিটি কেন সঠিক উত্তর?

আপনার সন্তান নম্বর থ্রি প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন। তারপর প্রশ্ন ফোর-এ চলে যান।

বলুন
ফোর। এখন তোমার আঙুলটি নিচে নামাও এবং যে সারিতে জুতাটি রয়েছে সেই সারির উপর তোমার আঙুলটি রাখ। এই সারিতে, তুমি কয়েকটি ঘর দেখতে পাচ্ছ যেখানে একটি অংশে কালো বৃত্ত রয়েছে। যে ঘরটি অন্যগুলোর সাথে মিলে না সেটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, শেষ উত্তরটি সঠিক, তাই না? শেষ ঘরটি অন্যগুলোর সাথে মিলে না কারণ কালো বৃত্তগুলো ঘরের ছোট অংশে রয়েছে। তুমি কি বুঝতে পারছ?

সব প্রশ্নের উত্তর দিন।

বলুন

যদি তুমি অন্য কোন ঘরের নিচের জায়গায় দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর সারির শেষ ঘরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

এখন পৃষ্ঠাটি উল্টাও। প্রথম সারির শুরুতে তুমি একটি পাতা দেখতে পাবে।

পরীক্ষায় প্রতিবার ধরন পরিবর্তনের সময় শিশুদের কাছে সতর্কতার সাথে ব্যাখ্যা করতে হবে।

ফাইভ। প্রথম সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে পাতাটি রয়েছে। পাতাটির পাশে, তুমি চারটি ঘর দেখতে পাচ্ছ। উপরের প্রথম ঘরে, একটি বোতামের ছবি রয়েছে। এটির পাশের ঘরে, একটি শার্টের ছবি রয়েছে। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। নিচের প্রথম ঘরে, একটি জিপারের ছবি রয়েছে। অন্য ঘরটি খালি রয়েছে। এখন ঘরগুলোর পাশে ছবির সারিটির দিকে তাকাও এবং চিন্তা কর যে খালি ঘরে কি থাকা উচিত। বোতাম শার্টের সাথে গেলে একইভাবে জিপারের সাথে কি যাবে? তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কি উত্তরটি খুঁজে পেয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

শিশুরা প্রক্রিয়াটি বুঝতে পারছে তা নিশ্চিত করার জন্য অনুশীলনী পরীক্ষায় যতক্ষণ প্রয়োজন সময় দিতে পারেন।

বলুন

তুমি নিশ্চয়ই তৃতীয় উত্তরটির নিচের বৃত্তে দাগ দিয়েছ, প্যান্ট। দেখা যাক কেন। জিপার ব্যবহার করা হয় প্যান্ট লাগানোর জন্য, ঠিক যেমনভাবে বোতাম ব্যবহার করা হয় শার্ট লাগানোর জন্য। অন্য ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এগুলো জিপারের সাথে একইভাবে যায় না, যেভাবে একটি শার্ট একটি বোতামের সাথে যায়। তুমি কি বুঝতে পারছ যে তৃতীয় উত্তরটি কেন সঠিক?

আপনার সন্তান নম্বর ফাইভ প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে আবারো ব্যাখ্যা করুন।

বলুন

সিক্স। এখন পরবর্তী সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি একটি পাখি দেখতে পাচ্ছ। উপরের দুইটি ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এই আকৃতিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এই দুইটি আকৃতি কিভাবে একসাথে যায় সেই সম্পর্কে চিন্তা কর।

বিরতি দিন।

বলুন
উপরের দুইটি ঘর কিভাবে একসাথে যায়?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
ঠিক ধরেছ। প্রথম ঘরে একটি আকৃতি রয়েছে যেটি তৈরি হয়েছে একটি কালো বর্গক্ষেত্রের উপর একটি সাদা ত্রিভুজ দিয়ে, এবং দ্বিতীয় ঘরটিতে একই আকৃতি রয়েছে উল্টো অবস্থায়। এখন নিচের প্রথম ঘরের ছবিটির দিকে লক্ষ্য কর। এখানে তুমি একটি একটি কালো বৃত্তের উপর একটি সাদা বৃত্ত দেখতে পাচ্ছ। এখন সারির পরবর্তী অংশে বৃত্ত দু'টির দিকে লক্ষ্য কর। খালি ঘরে কি বসবে তা ভেবে দেখো। তোমার উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
নিচের প্রথম ঘরের বৃত্তগুলোর সাথে কোন বৃত্ত দু'টি যাবে, ঠিক যেভাবে উপরের দ্বিতীয় ঘরের আকৃতিটি উপরের প্রথম ঘরের আকৃতিটির সাথে যায়?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, চতুর্থ উত্তরটি সঠিক। চতুর্থ উত্তরটি বৃত্ত দু'টিকে উল্টা অবস্থায় দেখাচ্ছে, তাই না? যদি তুমি অন্য কোন উত্তরের নিচের জায়গায় দাগ দিয়ে থাক, তাহলে সেই দাগটি মুছে ফেল এবং তারপর চতুর্থ উত্তরের নিচের বৃত্তে দাগ দাও।

উত্তর মুছে ফেলা এবং সেগুলো পরিবর্তন করতে স্বাচ্ছন্দ্য বোধ করার জন্য শিশুদেরকে উৎসাহিত করা হচ্ছে।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন
আমরা এইমাত্র যা করলাম তা কি তুমি বুঝতে পেরেছো?

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন। তারপর প্রশ্ন সেভেন-এ চলে যান।

বলুন
সেভেন। পরবর্তী সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে একটি পেন্সিল রয়েছে। উপরের প্রথম ঘরে, অনেকগুলো পাতা সহ একটি বই রয়েছে। এর পাশের ঘরে, বইটির একটি পাতা রয়েছে। নিচের প্রথম ঘরে, অনেকগুলো মোমবাতি সহ একটি জন্মদিনের কেক রয়েছে। অন্য ঘরটি খালি রয়েছে। এখন ঘরগুলোর পাশে ছবির সারিটির দিকে তাকাও এবং ভেবে দেখো যে খালি ঘরে কি থাকা উচিত। কেকের সাথে কোন ছবিটি যায়, ঠিক যেভাবে উপরের সারির বই এবং পাতাগুলো একসাথে যায়? তোমার উত্তরের নিচের জায়গায় দাগ দাও।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কি উত্তরটি খুঁজে পেয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি নিশ্চয়ই দ্বিতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ, যেটিতে মোমবাতি রয়েছে। তুমি কি বুঝতে পারছ যে দ্বিতীয় উত্তরটি কেন সঠিক?

আপনার সন্তান নম্বর সেভেন প্রশ্নটি বুঝতে পেরেছে তা নিশ্চিত করুন। প্রয়োজনবোধে আবারো ব্যাখ্যা করুন।

বলুন

এইট। এখন শেষ সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি বানরটি দেখতে পাচ্ছ। উপরের দুইটি ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এই আকৃতিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। এখন নিচের প্রথম ঘরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। এটির পাশের খালি ঘরে কি থাকা উচিত সেই সম্পর্কে চিন্তা কর। তারপর ঘরগুলোর পাশের সারিতে তোমার উত্তরটি খুঁজে দেখ এবং সেটির নিচের বৃত্তে দাগ দাও।

বিরতি দিন।

বলুন

তুমি নিশ্চয়ই চতুর্থ ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। এখন দেখা যাক কেন। উপরের প্রথম ঘরটি একটি বৃত্ত দেখাচ্ছে যা পাঁচটি পাই আকৃতি দিয়ে তৈরি হয়েছে। উপরের দ্বিতীয় ঘরটি পাই আকৃতিগুলোর একটিকে দেখাচ্ছে। নিচের প্রথম ছবিটি একটি আকৃতি দেখাচ্ছে যা পাঁচটি ছোট বৃত্ত দিয়ে তৈরি হয়েছে। তাই খালি ঘরে একটি ছোট বৃত্ত থাকবে। কোন প্রশ্ন আছে?

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন

এখন পরবর্তী পৃষ্ঠার উপরের অংশে চলে যাও। পৃষ্ঠার শুরুতে তুমি একটি বিড়ালছানা দেখতে পাবে।

ও.এল.এস.এ.টি.-তে মূল্যায়িত সবগুলো দক্ষতা অনুশীলনী পরীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

নাইন। প্রথম সারির উপর তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি বিড়ালছানাটি দেখতে পাচ্ছ। শোন। ফিলিপ যে ঝিনুকগুলো পেয়েছিল সেগুলো তুমি সারির প্রথমদিকের ঘরে মধ্যে দেখতে পাচ্ছ। ঝিনুকগুলোর অর্ধেক সে তার বন্ধু জেফরিকে দিয়ে দিল। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচে দাগ দাও যেটি দেখাচ্ছে যে ফিলিপের আর কয়টি ঝিনুক বাকি আছে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, শেষ উত্তরটি সঠিক, তাই না? যদি ফিলিপের আটটি ঝিনুক থাকে এবং সেগুলোর অর্ধেক সে তার বন্ধুকে দিয়ে দেয়,

তাহলে তার চারটি ঝিনুক বাকি থাকবে। তুমি কি বুঝতে পারছ যে কেন ফিলিপের চারটি ঝিনুক বাকি থাকবে?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন
যদি তুমি শেষ ছবিটির নিচের বৃত্তে দাগ না দিয়ে থাক, তাহলে তোমার দাগটি মুছে ফেল এবং শেষ ছবিটির নিচের বৃত্তে দাগ দাও।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন
টেন। পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি হাতুড়িটি দেখতে পাচ্ছ। তুমি উত্তরের জায়গাটি দেখতে পাচ্ছ তা নিশ্চিত করো। শোন। সবগুলো সাদা বৃত্ত হচ্ছে সার্কস্। সবগুলো কালো বৃত্ত হচ্ছে কলস্। ফোটাযুক্ত সবগুলো বৃত্ত হচ্ছে ডিবস্। সেই ছবিটির নিচে দাগ দাও যেটি দেখাচ্ছে সার্কস্ এবং ডিবস্ কিন্তু কোন কলস্ নেই। আবার শোন। সবগুলো সাদা বৃত্ত হচ্ছে সার্কস্। সবগুলো কালো বৃত্ত হচ্ছে কলস্। ফোটাযুক্ত সবগুলো বৃত্ত হচ্ছে ডিবস্। সেই ছবিটির নিচে দাগ দাও যেটি দেখাচ্ছে সার্কস্ এবং ডিবস্ কিন্তু কোন কলস্ নেই।

অনুশীলনী পরীক্ষায় কাঠিন্যের সকল স্তরের প্রশ্ন অন্তর্ভুক্ত রয়েছে, যাতে শিক্ষার্থীরা বুঝতে পারে যে প্রকৃত পরীক্ষায় কি আসতে পারে।

আপনার সন্তানকে উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন
তুমি নিশ্চয়ই দ্বিতীয় উত্তরটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। কলস্ হচ্ছে কালো বৃত্ত, এবং দ্বিতীয় ছবিটিতে কোন কালো বৃত্ত নেই। তুমি কি লক্ষ্য করেছ যে দ্বিতীয় উত্তরটি কেন সঠিক?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন, প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন। তারপর নম্বরে ইলেভেন-এ চলে যান।

বলুন
ইলেভেন। এখন বইটির সারির উপর তোমার আঙুলটি রাখ। সারির প্রথম অংশের বর্গক্ষেত্রগুলোর ভিতরের আকৃতিগুলোর দিকে লক্ষ্য কর। কি ঘটছে তা শোন। প্রতিটি আকৃতি তার সবচেয়ে কাছের কোণের বর্গক্ষেত্রে চলে যায়। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও, যেটিতে আকৃতিগুলোর বর্তমান অবস্থা দেখা যাচ্ছে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন
তুমি কোন বৃত্তটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন
হ্যাঁ, তুমি নিশ্চয়ই তৃতীয় ছবিটির নিচের বৃত্তে দাগ দিয়েছ। একমাত্র তৃতীয় ছবিটি দেখাচ্ছে যে প্রতিটি আকৃতি তার সবচেয়ে কাছের কোণের বর্গক্ষেত্রে চলে গেছে। কোন প্রশ্ন আছে?

আপনার সন্তানের কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন
টুয়েল্ভ। শেষ সারির উপর তোমার আঙুলটি রাখ, যেখানে তুমি একটি প্রজাপতি দেখতে পাচ্ছ। প্রজাপতিটির পাশের ঘরের

ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি জায়গাটিতে কোন একটা কিছু থাকবে। চলো, বের করা যাক সেই জায়গাটিতে কি থাকবে। ঘরের উপরের সারিতে একটি বৃত্ত রয়েছে যার অর্ধেকটা কালো, তারপর বৃত্তটিকে ঘুরানো হয়েছে যার ফলে কালো অংশটি নিচে রয়েছে এবং তারপর এটি আবারো ঘুরে যায় যার ফলে কালো অংশটি উল্টোদিকে চলে যায়। ঘরের পরবর্তী সারিতে, একটি ত্রিভুজ রয়েছে যার অর্ধেকটা কালো, তারপর ত্রিভুজটিকে ঘুরানো হয়েছে যার ফলে কালো অংশটি নিচে রয়েছে এবং তারপর এটি আবারো ঘুরে যায় যার ফলে কালো অংশটি উল্টোদিকে চলে যায়। শেষ সারিতে, একটি বর্গক্ষেত্র রয়েছে যার অর্ধেকটা কালো, তারপর বর্গক্ষেত্রটিকে ঘুরানো হয়েছে যার ফলে কালো অংশটি নিচে রয়েছে। খালি জায়গাটিতে কি বসবে?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

ঠিক ধরেছ, খালি জায়গাটিতে একটি বর্গক্ষেত্র থাকবে যার কালো অংশটি উল্টাদিকে থাকবে। তোমাকে দ্বিতীয় উত্তরটির নিরে বৃত্তে দাগ দিতে হবে। তুমি কি বুঝতে পারছ যে দ্বিতীয় উত্তরটি কেন সঠিক?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন, প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন।

বলুন

থার্টিন। এখন পৃষ্ঠাটি উল্টাও। প্রথম সারির শুরুতে তুমি একটি ছোট কাপ দেখতে পাবে। সেই সারিটির উপর তোমার আঙুলটি রাখ। আকৃতির সেই গুচ্ছটির নিচের বৃত্তে দাগ দাও যেখানে চারটি আকৃতির সবগুলোই ভিন্ন।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন জায়গাটিতে দাগ দিয়েছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, তুমি নিশ্চয়ই চতুর্থ ছবির নিচের জায়গায় দাগ দিয়েছ, কারণ এটিই একমাত্র দল যেখানে চারটি আকৃতির সবগুলোই ভিন্ন। তুমি কি বুঝতে পারছ যে চতুর্থ ছবিটি কেন সঠিক উত্তর?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন

যদি তুমি চতুর্থ ছবিটির নিচের বৃত্তে জায়গায় দাগ দিয়ে না থাক, তাহলে তোমার দাগটি মুছে ফেল এবং চতুর্থ ছবিটির নিচের বৃত্তে জায়গায় দাগ দাও।

আপনার সন্তানকে মোছার এবং সঠিক উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

ফোরটিন। এখন পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও যেখানে তুমি ছোট ডিমটি দেখতে পাচ্ছ। শোন। অ্যামান্ডার পাঁচটি বিড়ালছানা আছে। বিড়ালছানাগুলোর মধ্যে মাত্র দুইটি ধূসর রংয়ের। সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যেটিতে অ্যামান্ডার সবগুলো বিড়ালছানাকে দেখা যাচ্ছে।

বিরতি দিন।

বলুন

তুমি কোন ছবিটি চিহ্নিত করেছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, প্রথম ছবিটি সঠিক, তাই না? এটিই একমাত্র ছবি যাতে পাঁচটি বিড়ালছানার দলে দুইটি ধূসর বিড়ালছানা দেখা যাচ্ছে। অন্য ছবিগুলো ভুল সংখ্যক বিড়ালছানা দেখাচ্ছে অথবা ধূসর বিড়ালছানার সংখ্যা বেশি দেখাচ্ছে। তুমি কি বুঝতে পারছ যে প্রথম উত্তরটি কেন সঠিক?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

বলুন

ফিফটিন। পরবর্তী সারিতে তোমার আঙুলটি নিয়ে যাও, যেখানে তুমি হাঁসটি দেখতে পাচ্ছ। সারির প্রথমদিকের ঘরগুলোর ভিতরের ছবিগুলোর দিকে লক্ষ্য কর। এই ছবিগুলো একত্রে একটি নির্দিষ্ট ধারা অনুসরণ করছে। খালি ঘরে কোন একটা কিছু বসবে। সারির পরবর্তী অংশে, সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যেটিতে দেখা যাচ্ছে যে সেই ঘরে কি থাকবে।

আপনার সন্তানকে উত্তরে দাগ দিতে সময় দেয়ার জন্য থামুন।

বলুন

তুমি কি তৃতীয় উত্তরটির নিচের বৃত্তে দাগ দিয়েছ? চল দেখা যাক কেন এটি সঠিক। সারির প্রথম দিকের ঘরগুলোতে, তুমি কয়েকটি আকৃতি দেখতে পাচ্ছ যেগুলোর ভিতরে তীরচিহ্ন রয়েছে। প্রথম আকৃতিটিতে, তীরচিহ্নটি সরাসরি উপরের দিকে ছোট বৃত্তটির দিকে নির্দেশ করছে। পরবর্তী বৃত্তটিতে, তীরচিহ্নটি পরবর্তী ছোট বৃত্তটির দিকে ঘুরে গেছে। তারপর, তীরচিহ্নটি পরবর্তী ছোট বৃত্তটির দিকে ঘুরে গেছে এবং তারপর পরবর্তীটির দিকে। তুমি কি লক্ষ্য করেছ যে প্রতিটি ছবিতে তীরচিহ্নটি কিভাবে পরবর্তী ছোট বৃত্তটির দিকে ঘুরে যাচ্ছে? এখন ঘরগুলোর পাশের সারিটির ছবিগুলোর দিকে লক্ষ্য কর। একমাত্র তৃতীয় ছবিটি দেখাচ্ছে যে তীরচিহ্নটি পরবর্তী ছোট বৃত্তটির দিকে ঘুরে গেছে। অন্য ছবিগুলো দেখাচ্ছে যে তীরচিহ্নটি একটি ভুল ছোট বৃত্তের দিকে ঘুরে গেছে। তুমি কি বুঝতে পারছ যে তৃতীয় উত্তরটি কেন সঠিক?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন, প্রয়োজনবোধে আরো ব্যাখ্যা করুন।

বলুন

সিক্সটিন। এখন শেষ সারির উপর তোমার আঙুলটি রাখ, যেটির সাথে কচ্ছপটি রয়েছে। সেই ছবিটির নিচের বৃত্তে দাগ দাও যা এটি দেখাচ্ছে: সবচেয়ে বড় ট্রাকটি সারির প্রথমে রয়েছে, এবং সবচেয়ে ছোট ট্রাকটি মাঝখানে রয়েছে।

আকর্ষণীয় শিল্পকর্ম আপনার সন্তানের জন্য পরীক্ষাকে কম ক্লান্তিকর করে থাকে।

আপনার সন্তান উত্তরে দাগ দেয়ার জন্য অপেক্ষা করুন।

বলুন

তুমি কোন্ ছবিটি চিহ্নিত করেছ?

উত্তরের জন্য অপেক্ষা করুন।

বলুন

হ্যাঁ, একমাত্র দ্বিতীয় ছবিটিতে সবচেয়ে বড় ট্রাকটি সারির প্রথমে রয়েছে এবং সবচেয়ে ছোট ট্রাকটি মাঝখানে রয়েছে। অন্য ছবিগুলো সবচেয়ে বড় ট্রাকটিকে ভুল জায়গায় অথবা সবচেয়ে ছোট ট্রাকটিকে ভুল জায়গায় দেখাচ্ছে। তোমার কোন প্রশ্ন

আছে?

কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন, দ্বিতীয় উত্তরটি কেন সঠিক তা আপনার সন্তান বুঝতে পারছে তা নিশ্চিত করুন।

বলুন
এখনকার মতো আমাদের কাজ শেষ। তোমার পেন্সিলটি নামিয়ে রাখ। কয়েকদিনের মধ্যে, আমরা এরকম আরো কয়েকটি সমস্যার সমাধান করবো। সেগুলো তোমার কাছে পরিচিত মনে হবে, কারণ তুমি মনে করতে পারবে যে সেগুলো কিভাবে কাজ করে। তোমার পুস্তিকাটি বন্ধ কর যাতে সামনের প্রচ্ছদটি উপরে থাকে।

দেখিয়ে দিন। তারপর পরীক্ষার পুস্তিকাটি সংগ্রহ করুন। অনুশীলনী পরীক্ষার এখানেই সমাপ্তি।

সঠিক উত্তরের তালিকা

1	3
2	4
3	2
4	5
5	3
6	4
7	2
8	4
9	4
10	2
11	3
12	2
13	4
14	1
15	3
16	2

Level B

OLSAT

Otis-Lennon School Ability Test

Seventh Edition

Arthur S. Otis • Roger T. Lennon



PRACTICE TEST

HARCOURT® BRACE Educational Measurement

SAN ANTONIO
Orlando • Boston • New York • Chicago • San Francisco • Atlanta • Dallas
San Diego • Philadelphia • Austin • Fort Worth • Toronto • London • Sydney

0154610011

Copyright © 1996 by Harcourt, Inc. Standardization edition copyright © by Harcourt, Inc. All rights reserved. No part of this publication may be reproduced or transmitted in any form or by means, electronic or mechanical including photocopy, or any information storage and retrieval system, without permission in writing from the publisher. The Harcourt logo is a trademark of Harcourt, Inc. Printed in the United States of America.

Practice Test
Level B

1



2



3



4



GO ON

5



6



7





8





GO ON

9



10



11



12



13



14



15



16



STOP